

কর্মসংস্থানে শিক্ষা ব্যবস্থা পরিবর্তন করা হচ্ছে : শাহ আজিজ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন যে সরকার সপ্তম শ্রেণী পর্যন্ত একটি নয়া পাঠকর্ম ও পাঠ্যসূচীসহ একটি পরিকল্পিত শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করেছেন। দশম শ্রেণী পর্যন্ত নয়া পাঠকর্ম ও পাঠ্যসূচীও শীঘ্রই প্রবর্তন করা হবে।

বাসস জানায় যে প্রধানমন্ত্রী রোববার মগবাজার উচ্চ বালিকা বিদ্যা-

লয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিসেস মাসুদা বেগমের সভানেত্রীত্বে অনুষ্ঠানে ঢাকার বিভাগীয় কমিশনার জনাব খানে আলম খানও ভাষণ দেন।

প্রধানমন্ত্রী শিক্ষাকে বাস্তব জীবনের সঙ্গে সম্পৃক্ত ও কর্মসংস্থান-মুখী করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, শিক্ষা-ব্যবস্থা অবশ্যই আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির যুগের প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

প্রধানমন্ত্রী গত এসএসসি পরীক্ষার ভাল ফলের জন্য স্কুলের শিক্ষিকা ও ছাত্রীদের ধনবাদ জানান এবং স্কুলে ভাল ফলের জন্য ছাত্রীদের মধ্যে ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।